

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
গাবুয়া, বেগমগঞ্জ, নোয়াখালী।

স্মারক নং-৪৯.০১.৭৫০৭.০০৩.১৮.০৫.১৭. ২০৬

তারিখ- ২৬/০৮/২০১৯ইং

“ভর্তি বিজ্ঞপ্তি”

দক্ষতা নিজের সম্পদ, দক্ষ জনশক্তি দেশের সম্পদ

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীন নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গাবুয়া, নোয়াখালী-তে হাতে কলমে কারিগরি শিক্ষা গ্রহণ ও আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে ২(দুই) মাস মেয়াদী নিম্নবর্ণিত ট্রেডে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। ভর্তি ইচ্ছুক প্রার্থী-প্রার্থীনিগণকে ৫০ (পঞ্চাশ) টাকার বিনিময়ে অত্র কেন্দ্রের প্রশিক্ষণ শাখা হইতে আবেদন পত্র সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করিয়া নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হইবে। প্রশিক্ষণ শেষে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহা-পরিচালক মহোদয়ের প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র (সার্টিফিকেট) প্রদান করা হইবে। প্রদত্ত সনদ দেশে/বিদেশে দক্ষ কারিগরি পেশায় নিয়োগের ক্ষেত্রে একান্ত সহায়ক হইবে এবং আত্ম-কর্মসংস্থানে আগ্রহীদের জন্য এই প্রশিক্ষণ ফলপ্রসূ হইবে।


কোর্সের ধরণ	ট্রেড/কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	বয়স	আসন সংখ্যা	প্রশিক্ষণ সময়	কোর্স ফি
স্ব-নির্ভর	ড্রাইভিং	৮ম শ্রেণী	১৮ হইতে ৩০ বছর পর্যন্ত	২০টি	শনি-বুধবার প্রত্যহ সাকাল ৭.০০ থেকে ১০.০০ টা বিকাল ৩.০০-৬.০০ টা পর্যন্ত	২,০০০/-

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী :

- আবেদনপত্র গ্রহণের সময় : ০৪/০৯/২০১৯ ইং শনি-বৃহস্পতিবার (সকাল ৮.০০ হইতে বেলা ২.০০ পর্যন্ত)।
- আবেদনপত্র জমা দানের সময় : ০৪/০৯/২০১৯ ইং (সকাল ৮.০০ হইতে বেলা ২.০০ পর্যন্ত)।
- ভর্তি পরীক্ষার তারিখ : ০৪/০৯/২০১৯ ইং।
- ভর্তি : ০৪/০৯/২০১৯ ইং সকাল ১০:০০ ঘটিকায়।
- ক্লাশ শুরু : ০৫/০৯/২০১৯ ইং।

আবেদনপত্রের সহিত যাহা দিতে হইবে :

- সদ্য তোলা ২ (দুই) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- বয়স প্রমাণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসা পত্র (যাহাতে জন্মতারিখ উল্লেখ থাকিবে) এর সত্যায়িত কপি।
- পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদের সত্যায়িত কপি।
- বিস্তারিত তথ্যের জন্য ব্যক্তিগতভাবে/টেলিফোনে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারী বা কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করার জন্য পরামর্শ দেওয়া যাইতেছে।
- যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন তারিখ ও তথ্য পরিবর্তনের ক্ষমতা অধ্যক্ষ, নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সংরক্ষণ করেন।


(প্রকৌঃ মোঃ মাহতাব উদ্দিন পাটওয়ারী)
অধ্যক্ষ
নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
গাবুয়া, বেগমগঞ্জ, নোয়াখালী।
ফোন নং-০৩২১-৬২৮৬৩